উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী (মাস: এপ্রিল/২০২২)

অধিবেশন:-১১৫

উপদেষ্টা : জনাব আনোয়ারুল আবেদীন খান (তুহিন), মাননীয় জাতীয় সংসদ সদস্য
১৫৪-ময়মনসিংহ-৯, নান্দাইল, ময়মনসিংহ।

সভাপতি : জনাব হাসান মাহমুদ জুয়েল, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নান্দাইল।

স্থান : উপজেলা পরিষদ সভা কক্ষ।

তারিখ : ২৭ এপ্রিল, ২০২২ খ্রিঃ।

সময় : বেলা ১১.০০ ঘটিকা।

সভায় উপস্থিত সম্মানিত সদস্যগণের হাজিরা পরিশিষ্ট 'ক' তে সংযুক্ত।

সভার প্রারম্ভে সভাপতির অনুরোধক্রমে পবিত্র কোরআন থেকে তেলাওয়াত করেন উপজেলা পরিষদ জামে মসজিদের সহকারী ইমাম জনাব আবু বক্কর সিদ্দিক। অতঃপর চেয়ারম্যান, উপজেলা পরিষদ নান্দাইল এর অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার নান্দাইল কর্তৃক আলোচ্যসূচী অনুযায়ী সভার কাজ নিম্ন বর্ণিতভাবে আরম্ভ করেন :

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ০১। উপজেলা নির্বাহী অফিসার বিগত সভার কার্যবিবরণী পাঠ করেন। | বিগত সভার কার্যবিবরণীতে কোন সংযোজন ও বিয়োজন না থাকায় এবং কোন সংশোধনী প্রস্তাব উত্থাপিত না হওয়ায় তা সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়। | সংশ্লিষ্ট সদস্যগণ। |
| ০২। মাননীয় জাতীয় সংসদ সদস্য মহোদয় জানান যে, যে সকল ইউনিয়ন পরিষদ এখনো ভিজিএফ তালিকা উপজেলায় দাখিল করেননি সে সকল ইউনিয়ন পরিষদ দ্রুত সময়ের মধ্যে ভিজিএফ তালিকা দাখিল করার জন্য পরামর্শ প্রদান করেন। ভিজিএফ খাদ্যশস্য সুষ্ঠুভাবে বিতরন বিষয়ে পরামর্শ প্রদান করেন। | সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানগণ দ্রুত সময়ের মধ্যে ভিজিএফ তালিকা দাখিল করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সংশ্লিষ্ট)। |
| যুব কল্যান তহবিল হতে ঋণ কার্যক্রম বিষয়ে আলোচনা করেন। অত্র উপজেলার যুব সংগঠনগুলি যুব কল্যান তহবিল হতে আর্থিক সহায়তা পাওয়ার বিষয়ে উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের পরামর্শ প্রদান করেন। | যুব কল্যান তহবিল হতে আর্থিক সহায়তা পাওয়ার বিষয়ে উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, নান্দাইল। |
| উপজেলা প্রকৌশলীর কার্যালয়ের আওতায় উন্নয়ন কার্যক্রমগুলি নির্ধারিত সময়ে এবং প্রাক্কলন মোতাবেক সকল কাজ দ্রুত বাস্তবায়নের জন্য উপজেলা প্রকৌশলী এলজিইডিকে পরামর্শ প্রদান করেন। উন্নয়নমূলক কাজে যেসকল ঠিকাদার বা প্রতিষ্ঠান কাজে ব্যাঘাত সৃষ্টি করবে, কাজ সঠিক সময়ে করবে না তাদের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা প্রকৌশলীকে পরামর্শ প্রদান করেন। | এলজিইডি এর আওতায় উন্নয়নমূলক প্রকল্পগুলি নির্ধারিত সময়ে এবং সুষ্ঠুভাবে কাজ বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, নান্দাইল। |
| ০৩। উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, ভিজিএফ তালিকা ৫ টি ইউনিয়ন পরিষদ দাখিল করেছেন বাকি ইউনিয়ন পরিষদের তালিকা দ্রুত দাখিলের জন্য পরামর্শ প্রদান করেন। ভিজিএফ খাদ্যশস্য সুষ্ঠুভাবে বিতরন বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। | সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানগণ দ্রুত সময়ের মধ্যে ভিজিএফ তালিকা দাখিল করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সংশ্লিষ্ট)। |
| পরিপত্র মোতাবেক ইউনিয়ন কমিটিগুলির সভা আহ্বান করে সভার কার্যবিবরণী উপজেলায় প্রেরণ করার জন্য সকল ইউপি চেয়ারম্যানগনকে পরামর্শ প্রদান করেন। কমিটিগুলির সভা সঠিক সময়ে আহ্বান না করার কারনে উপজেলার সংশ্লিষ্ট দপ্তরের কাজের ব্যাঘত সৃষ্টি হচ্ছে। | ইউনিয়ন কমিটিগুলির সভা আহ্বান করে সভার কার্যবিবরণী উপজেলায় প্রেরণ করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল)। |
| ০৪। উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা জানান যে, করোনা ভ্যাকসিন কার্যক্রম ৭০% উন্নীত করার হয়েছে। ১ম, ২য়, ৩য় ডোজ চলমান রয়েছে। করোনা ভ্যাকসিন নেয়ার [illegible] | সংশ্লিষ্ট সকলকে ভ্যাকসিন নেয়ার জন্য অনুরোধ করেন। সরকারি নির্দেশনা মোতাবেক বিভাগীয় কাজ বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা, নান্দাইল। |

| | | |
|---|---|---|
| যোগাযোগ করার জন্য আহ্বান জানান। ভ্যাকসিনের জন্য রেজিষ্টেশন করার পরামর্শ প্রদান করেন।<br>গত মাসে কোন করোনা রোগী পাওয়া যায় নি। | | |
| ০৫। উপজেলা কৃষি বিভাগ ঃ রবি ২০২১-২০২২ মৌসুমে অত্র উপজেলায় ২২২৫ হেক্টর জমিতে বোরো আবাদ হয়েছে। অদ্য পর্যন্ড় ১৫% জমির পাকা ধান কর্তন হয়েছে। কৃষকগণ যেন বোরো ফসল ভালভাবে ঘরে তুলতে পারে সেজন্য মাঠে উপসহকারী কৃষি কর্মকর্তাগণ সর্বদা কৃষকের পাশে থেকে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করে যাচ্ছে।<br><br>কৃষি মন্ত্রণালয়ের স্মারক নং- ১২.০০.০০০০.০২৬.৩৮.০০১.২২.১৭৭ তারিখ- ১৪/০৩/২০২২ খ্রিঃ এবং উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ময়মনসিংহ মহোদয়ের স্মারক নং ১২.১৭.৬১০০.০৪১.৩৮.০৩৯.২০/৩৭২(৩৭),১৫/০৩/২০২২ খ্রি. তারিখের মূলে অত্র উপজেলায় আউশ আবাদ সম্প্রসারণের লক্ষ্যে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিনামূল্যে ১৫৬০ জন কৃষককে প্রণোদনা প্রদান করা হয়েছে।<br><br>এপ্রিল/২০২২ মাসে ১৪৪ মেঃটন ইউরিয়া সারের বরাদ্দ প্রদান করা হয়েছে। এ পর্যন্ত ৭৯ মেঃটন সার উত্তোলন হয়েছে। অদ্য পর্যন্ত ২৪৫ মেঃটন ইউরিয়া ১৯ মেঃটন টিএসপি, ১৭ মেঃটন ডিএপি এবং ১৬.৫০ মেঃটন এমওপি সার মজুদ রয়েছে। | কোন ধরনের রাসায়নিক সারের সংকট যেন না হয় এবং মনিটরিং ব্যবস্থা জোরদার করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা, নান্দাইল। |
| ০৬। উপজেলা মৎস্য বিভাগ : সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা জানান যে, ১৮ জন মৎস্য চাষিকে প্রশিক্ষন দেয়া হয়েছে। বিল নার্সারি স্থাপন ২টি এবং মৎস্যচাষ প্রদর্শনী স্থাপন ২৫টি প্রকল্পের বিষয়ে আলোচনা করেন। | নীতিমালা মোতাবেক বিভাগীয় কার্যক্রম বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, নান্দাইল। |
| ০৭। উপজেলা প্রকৌশল বিভাগ : উপজেলা প্রকৌশলী জানান যে, ২০২১-২০২২ অর্থ বৎসরের বার্ষিক উন্নয়ন কর্মসূচীর (এডিপি) প্রকল্পের কাজ চলমান রয়েছে। এডিপি এর আওতায় ৫% লেসকৃত অর্থের প্রকল্প বাস্তবায়ন বিষয়ে প্রস্তাব উত্থাপন করেন।<br><br>ইউনিয়ন পরিষদ ভবন মেরামতের জন্য প্রাক্কলন প্রস্তুত করে জেলা প্রশাসক মহোদয় বরাবর প্রেরণ করা হয়েছে।<br><br>তিনি আরও জানান যে, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের মাধ্যমে অবকাঠামো উপ প্রকল্প নং- INF-2019-20-456172-01 উপ-প্রকল্পের শিরোনাম- নান্দাইল উপজেলায় বিভিন্ন বাজারে ফিসশেড নির্মাণ এবং উপ প্রকল্প নং- INF-2019-20-456172-02 উপ-প্রকল্পের শিরোনাম- কোভিড-১৯ মোকাবেলায় উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে সেন্ট্রাল অক্সিজেন সাপ্লাই সিস্টেম সরবরাহ কাজ সুষ্ঠুভাবে সমাপ্ত হওয়ায় ঠিকাদার বিল পাওয়ার জন্য আবেদন পত্র দাখিল করেছেন। উক্ত বিল পরিশোধের জন্য প্রকল্প ব্যবস্থাপনা কর্তৃপক্ষের নির্দেশনা মোতাবেক বিল প্রস্তুত করা হয়েছে। উক্ত বিল প্রদানের জন্য নিম্নরূপ ছক মোতাবেক প্রস্তাব উত্থাপন করেন। | বিভাগীয় সকল উন্নয়নমূলক কাজ প্রাক্কলন মোতাবেক নির্ধারিত সময়ে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>নান্দাইল ডাইবেটিস হাসপাতালের ফ্লোরে বালি ফিলিং=১৩২,০০০/- এবং নান্দাইল ডাইবেটিস হাসপাতালের রাস্তার সাইডে বালি ফিলিং=১,৪৩,০০০/- টাকা ব্যয়ে এডিপি হতে পিআইসি কমিটির মাধ্যমে প্রকল্প বাস্তবায়নের সর্বসম্ম সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের মাধ্যমে অবকাঠামো উপ প্রকল্প নং- INF-2019-20-456172-01 উপ-প্রকল্পের শিরোনাম- নান্দাইল উপজেলায় বিভিন্ন বাজারে ফিসশেড নির্মাণ এবং উপ প্রকল্প নং- INF-2019-20-456172-02 উপ-প্রকল্পের শিরোনাম- কোভিড-১৯ মোকাবেলায় উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে সেন্ট্রাল অক্সিজেন সাপ্লাই সিস্টেম সরবরাহ কাজের নিম্নরূপ প্রস্তাবিত ২টি ছক সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী (এলজিইডি) নান্দাইল।<br>উপজেলা প্রকৌশলী (এলজিইডি) নান্দাইল।<br><br>উপজেলা পরিষদ, নান্দাইল |

| উপজেলা | উপ-প্রকল্প নং | চুক্তিমূল্য (ভ্যাট ও আয়করসহ) টাকা | ঠিকাদার কর্তৃক দাখিলকৃত বিলের পরিমাণ (ভ্যাট ও আয়করসহ) | পরিশোধযোগ্য বিলের পরিমাণ (টাকা) | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | ভ্যাট ও আয়কর ব্যতীত বিল (টাকা) | ভাটের পরিমাণ | আয়করের পরিমাণ | ভ্যাট ও আয়করসহ মোট বিল (টাকা) |
| নান্দাইল | INF-2019-20-456172-01 | ৪৫,০০,০০০.০০ | ৪৫,০০,০০০.০০ | ৪৪,৭৫,০০০.০০ | ৩৭৫০০০.০০ | ১,৫০,০০০.০০ | ৫০,০০,০০০.০০ |

| উপজেলা | উপ-প্রকল্প নং | চুক্তিমূল্য (ভ্যাট ও আয়করসহ) টাকা | ঠিকাদার কর্তৃক দাখিলকৃত বিলের পরিমাণ (ভ্যাট ও আয়করসহ) | পরিশোধযোগ্য বিলের পরিমাণ (টাকা) | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | ভ্যাট ও আয়কর ব্যতীত বিল (টাকা) | ভাটের পরিমাণ | আয়করের পরিমাণ | ভ্যাট ও আয়করসহ মোট বিল (টাকা) |
| নান্দাইল | INF-2019-20-456172-02 | ১৫,৩৩,৫১৯.০০ | ১৫,৩৩,৫১৯.০০ | ১৫,২৫,০০০.০০ | ১,২৭,৭৯৩.০০ | ৫১,১১৭.০০ | ১৭,০৩,৯১০.০০ |

| | | |
|---|---|---|
| ০৮। **উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে,** ভিজিএফ তালিকা দাখিল করন এবং বিতরন কার্যক্রম বিষয়ে আলোচনা করেন।<br><br>অসচ্চল বীরমুক্তিযোদ্ধাদের জন্য আবাসন নির্মাণ কর্মসূচির আওতায় বিভিন্ন ইউনিয়নে ২৫টি "বীর নিবাস" এর ২য় পর্যায়ের টেন্ডার কার্যক্রম প্রক্রিয়াদিন রয়েছে।<br><br>২০২১-২০২২ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচির আওতায় ২য় পর্যায়ের প্রকল্পের কাজ এবং অন্যান্য কাজ চলমান রয়েছে। | সকল প্রকল্পের কাজ প্রাক্কলন মোতাবেক এবং নির্ধারিত সময়ের মধ্যে সমাপ্ত করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, নান্দাইল। |
| ০৯। **উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে,** নান্দাইল উপজেলা ১৭৮টি সরকারি প্রাথমিক বিদ্যালয় রয়েছে। বিদ্যালয়সমূহে সরকারি নির্দেশনা মোতাবেক স্বাভাবিক কার্যক্রম চলছে। বিদ্যালয়সমূহের ম্যানেজিং কমিটি গঠনের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। | নীতিমালা অনুযায়ী শিক্ষা প্রতিষ্ঠানের সকল কাজ বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, নান্দাইল/উপজেলা শিক্ষা কর্মকর্তা, নান্দাইল। |
| ১০। **উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে,** ইউনিক আইডির কাজ ১৩/০৪/২০২২ খ্রীঃ তারিখ শুবু হয়েছে এবং ৩০/০৪/২০২২ খ্রীৎ তারিখ কাজ শেষ হবে। ইউআইডি এর আওতায় নান্দাইল উপজেলায় (স্কুল কলেজ ও মাদ্রাসা) ৩৯৫০০ শিক্ষাথী রয়েছে। অনেক শিক্ষার্থীদের অনলাইন জন্ম নিবন্ধন না থাকায় ইউনিক আইডি এর কাজ করতে পারছে না এ বিষয়ে সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের দৃষ্টি আকর্ষন করেন। | সরকারি নির্দেশনা অনুযায়ী শিক্ষা প্রতিষ্ঠানের সকল কাজ বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, নান্দাইল। |
| ১১। **উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে,** জিটুপি পদ্ধতিতে মোবাইল ফিনান্সিয়াল সার্ভিসেস (নগদ) এর মাধ্যমে অর্থ প্রদানের কারণে মৃত ভাতাভোগীর তথ্য পাওয়া যাচ্ছে না। ফলে দীর্ঘদিন যাবৎ প্রতিস্থাপন কার্যক্রম ব্যাহত হচ্ছে। তিনি সংশ্লিষ্ট কমিটির সকল সদস্য এবং অন্যান্য সদস্যবৃন্দের দৃষ্টি আকর্ষণ করে বলেন যে, আপনারা মৃত ভাতাভোগীর তথ্য প্রদান না করলে এ কার্যক্রম মারাত্মকভাবে ব্যাহত হবে।<br><br>২০২০-২০২১ অর্থ বছর হতে জিটুপি পদ্ধতিতে মোবাইল ফিনান্সিয়াল সার্ভিসেস (নগদ) এর মাধ্যমে সরাসরি অত্র উপজেলার ৪০,০০০ (চল্লিশ হাজার) ভাতাভোগীর নামে নিবন্ধিকৃত মোবাইলে ভাতার অর্থ প্রদান করা হচ্ছে। মোবাইল ফিনান্সিয়াল সার্ভিসেস (নগদ) এর মাধ্যমে অর্থ প্রদানের কারণে উদ্ভুত সমস্যা সমাধানে মাঠ পর্যায়ে ভাতাভোগী যাচাই কার্যক্রম চলমান রয়েছে। | সকল ইউপি কমিটি সংশ্লিষ্ট ইউপির মৃত ভাতাভোগীর তথ্য যথাযথ প্রক্রিয়ায় উপজেলা সমাজসেবা কার্যালয়ে প্রেরণ করবে।<br><br>যাচাইকরণ কার্যক্রমে সংশ্লিষ্ট ইউপি কমিটি সহযোগিতা করবেন। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, নান্দাইল/ ভাতা সংশ্লিষ্ট কমিটি |

| | | |
|---|---|---|
| সমস্যাযুক্ত ভাতাভোগীদের তালিকা করে সংশ্লিষ্ট ইউপিতে প্রেরণ করা হবে । প্রেরিত তালিকা দ্রুততম সময়ে পুন:যাচাইকরণ সম্পন্ন করে অযাচাইকৃত ভাতাভোগীদের প্রতিস্থাপনের তালিকা প্রেরণের জন্য সংশ্লিষ্ট ইউপি কমিটিকে তিনি অনুরোধ জানান | সমস্যাযুক্ত ভাতাভোগীদের প্রতিস্থাপনের তালিকা সংশ্লিষ্ট ইউপি দ্রততম সময়ে প্রেরণ করবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| **১২। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে,** মার্চ/২০২২ খ্রিঃ মাসের মাসিক অগ্রগতির প্রতিবেদন রিপোর্ট অনুযায়ী ৮৪.৮০৯ সক্ষম দম্পতিদের মধ্যে পদ্ধিতি গৃহণকারীর সংখ্যা ৬৬৮৪৮ এবং পদ্ধতি গ্রহণকারীর হার ৭৮.৮২%। স্থায়ী পদ্ধতি গ্রহীতার সংখ্যা পুরুষ-২জন,মহিলা-০জন,অস্থায়ী ও দীর্ঘমেয়াদী পদ্ধতি ইমপল্যান্ট গ্রহীতার সংখ্যা-৭৮ জন, কপার-টি (ও,ট,উ) গ্রহীতার সংখ্যা-১৮, নিবন্ধিত গর্ভবতীর সংখ্যা মার্চ/২০২২ পর্যন্ত)-২৯৮৭ জন। বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | | |
| ১৩। উপজেলা পল্লী উন্নয়ন (বিআরডিবি) কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় সকল কাজ স্বাভাবিক রয়েছে। পিআরডিবি-৩ প্রকল্পের কার্যক্রম বিষয়ে আলোচনা করেন। | নীতিমালা মোতাবেক উন্নয়নমূলক কাজ বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, নান্দাইল। |
| **১৪। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা নান্দাইল সভায় জানান যে,** অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ ৩৯০ জনকে প্রশিক্ষণ এবং ৬২ জনকে আত্মকর্মসংস্থানে নিয়োজিত করা হয়েছে। ঋণ কার্যক্রম অব্যাহ আছে। ঋণ খেলাপী আদায় বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। | বিভাগীয় কার্যক্রম নীতিমালা মোতাবেক বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, নান্দাইল। |
| ১৫। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, ৩টি ট্রেডের প্রশিক্ষণ চলমান রয়েছে। ভিজিডি খাদ্য শস্য বিতরণ বিষয়ে আলোচনা করেন।<br><br>তিনি আরও জানান যে, ইউনিয়ন বাল্যবিবাহ ও নারী নির্যাতন প্রতিরোধ কমিটির সভার কার্যবিবরণী ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ প্রতি মাসের ২০ তারিখের মধ্যে উপজেলা কমিটির নিকট প্রেরণ করার জন্য প্রস্তাব উত্থাপন করেন। | উপজেলা ভিজিডি কমিটির সভার মাধ্যমে নীতিমালা মোতাবেক ভিজিডি বিতরণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>ইউনিয়ন বাল্যবিবাহ ও নারী নির্যাতন প্রতিরোধ কমিটির সভার কার্যবিবরণী ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ প্রতি মাসের ২০ তারিখের মধ্যে উপজেলা কমিটির নিকট প্রেরণ করার সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, নান্দাইল।<br><br>চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল)। |
| ১৬। উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান যে, সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় গভীর সাবমার্সিবল এবং অগভীর সাবমার্সিবল টিউবওয়েল ও গভীর, অগভীর তারা টিউবওয়েল এর কাজ চলমান রয়েছে (১ম, ২য় এবং ৩য় পর্যায়) । | প্রাক্কলন মোতাবেক বিভাগীয় উন্নয়নমূলক কার্যক্রম বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য)। |
| ১৭। উপসহকারী প্রকৌশলী (বিএডিসি) সভায় জানান যে, চলতি অর্থ বছরে মোঃ মহসিন কিবরিয়া, পিতা-বাছির উদ্দিন, গ্রাম-গয়েশপুর, ইউপি-গাংগাইল নামে একটি সেচ লাইসেন্স প্রদান করা হয় যার সেচ লাইসেন্স নম্বর ২০২১-২০২২/৩২৫, লিখিত অভিযোগের পরিপ্রেক্ষিতে পুনরায় তদন্ত করে পরিদর্শনকালে তথ্য গোপন এবং স্বাক্ষর জালিয়াতির সত্যতা প্রমাণিত হয়। পরবর্তীতে কারন দর্শানোর জন্য লিখিতভাবে অবগত করা হলে কোন সদোত্তর পাওয়া যায়নি। তাই সংস্থার বিধি মোতাবেক উপ-সহকারী প্রকৌশলী উক্ত লাইসেন্স বাতিলের জন্য সভায় প্রস্তাব উত্থাপন করেন। | উক্ত সেচ লাইসেন্স বাতিলের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | উপজেলা সেচ কমিটি। |
| ১৮। চেয়ারম্যান আচারগাঁও ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, খাদ্য নিয়ন্ত্রণ কর্মকর্তার কার্যালয়ের আওতায় আচারগাঁও ইউনিয়নের ধরগাঁও গ্রামের ওএমএস ডিলারের বিরুদ্ধে | প্রস্তাবিত বিষয়ে উপজেলা খাদ্য নিয়ন্ত্রণ কর্মকর্তাকে নীতিমালো মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রণ কর্মকর্তা, নান্দাইল। |

| | | |
|---|---|---|
| নিয়োগ এবং সিংদুই গ্রামে এক জন নতুন ডিলার নিয়োগের প্রস্তাব উত্থাপন করেন। | | |
| **১৯। সভাপতি ও চেয়ারম্যান উপজেলা পরিষদ**, নান্দাইল উপজেলা পরিষদের ২০২২-২০২৩ অর্থ বৎসরের বার্ষিক বাজেট বিবরণী উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ এর ৩৮ ধারা ও উপজেলা পরিষদ বাজেট (প্রণয়ন ও অনুমোদন), ২০১০ মোতাবেক প্রস্তুতকৃত খসড়া বাজেট তিনি সভায় উত্থাপন করেন। ২০২২-২০২৩ অর্থ বৎসরের বার্ষিক বাজেট বিবরণী বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | নান্দাইল উপজেলা পরিষদের ২০২২-২০২৩ অর্থ বৎসরের বার্ষিক বাজেট বিবরণী সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিষদ চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার, নান্দাইল, ময়মনসিংহ। |
| নান্দাইল উপজেলা পরিষদের ২০২২-২০২৩ অর্থ বৎসরের বার্ষিক উন্নয়ন পরিকল্পনা সভায় উত্থাপন করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | নান্দাইল উপজেলা পরিষদের ২০২২-২০২৩ অর্থ বৎসরের বার্ষিক উন্নয়ন পরিকল্পনা সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল সদস্যগণ। |
| তিনি আরও জানান যে, জনাব মোঃ শফিকুল ইসলাম রানা, সাঁট-মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর, উপজেলা পরিষদ, নান্দাইল, ময়মনসিংহ এবং জনাব মোঃ আবুল হাসেম খাঁন, গাড়ী চালক এর আগামী ১০/০৫/২০২২ খ্রিঃ তারিখে চাকুরীর ১০ (দশ) বছর পূর্তিতে উচ্চতর গ্রেড পাওয়ার জন্য গত ২১/০৪/২০২২ খ্রিঃ তারিখে উপজেলা পরিষদ চেয়ারম্যান বরাবর আবেদনপত্র দাখিল করেছেন। এমতাবস্থায়, জাতীয় বেতন স্কেল/২০১৫ এর অনুচ্ছেদ ৭ (১) অনুযায়ি এবং বাস্তবায়ন অনুবিভাগ, অর্থ মন্ত্রণালয়ের ২১/০৯/২০১৬ খ্রিঃ তারিখের ০৭.০০.০০০.১৬১.০০.০০২.১৬ (অংশ-১)-২৩২ নং পরিপত্রের অনুচ্ছেদ (গ) উপঅনুচ্ছেদ (৩) এর নির্দেশনা মোতাবেক কোন কর্মচারী পদোন্নতি ব্যতিরেকে একই পদে ১০ (দশ) বছর পূর্তিতে চাকুরীকাল সন্তোষজনক হওয়া সাপেক্ষে স্বয়ংক্রিয়ভাবে ১১ (এগারো) তম বছরে পরবর্তী উচ্চতর গ্রেডে বেতন ভাতা প্রাপ্য হবেন। জাতীয় বেতনস্কেল অনুযায়ি উক্ত কর্মচারীর আগামী ১০/০৫/২০২২ খ্রিঃ তারিখ হতে পরবর্তী উচ্চতর গ্রেড (জনাব মোঃ শফিকুল ইসলাম রানা, সাঁট-মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর, উপজেলা পরিষদ, নান্দাইল, ময়মনসিংহ-গ্রেড-১৩) এবং (জনাব মোঃ আবুল হাসেম খাঁন, গাড়ী চালক-গ্রেড-১৫) প্রদানের সুপারিশসহ বিস্তারিত আলোচনা করা হয়। | উপজেলা পরিষদ কর্মচারিদের উচ্চতর গ্রেড বিষয়ে বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে জাতীয় বেতন স্কেল/২০১৫ এর অনুচ্ছেদ ৭ (১) অনুযায়ি এবং বাস্তবায়ন অনুবিভাগ, অর্থ মন্ত্রণালয়ের ২১/০৯/২০১৬ খ্রিঃ তারিখের ০৭.০০.০০০.১৬১.০০.০০২.১৬ (অংশ-১)-২৩২ নং পরিপত্রের অনুচ্ছেদ (গ) উপঅনুচ্ছেদ (৩) এর নির্দেশনা মোতাবেক জনাব মোঃ শফিকুল ইসলাম রানা, সাঁট-মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর, উপজেলা পরিষদ, নান্দাইল, ময়মনসিংহ এর চাকুরী আগামী ১০/০৫/২০২২ খ্রিঃ তারিখে ১০ (দশ) বছর পূর্তিতে এবং চাকুরীকাল সন্তোষজনক হওয়ায় আগামী ১০/০৫/২০২২ খ্রিঃ তারিখ হতে পরবর্তী বেতনস্কেল ১১০০০-২৬৫৯০/- উচ্চতর (গ্রেড-১৩) তে উন্নতি করণের এবং জনাব মোঃ আবুল হাসেম খাঁন, গাড়ী চালক-গ্রেড-১৫তে উন্নতি করণের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিষদ চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার, নান্দাইল, ময়মনসিংহ। |
| তিনি আরও জানান যে, উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের আওতায় উপজেলা পরিষদের জন্য নতুন অফিস সরঞ্জামাদি ক্রয় করা প্রয়োজন এবং পুরাতন অফিস সরঞ্জামাদি মেরামত করা প্রয়োজন। | ২০২১-২০২২ অর্থ বছরের উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের আওতায় উপজেলা পরিষদের জন্য নতুন অফিস সরঞ্জামাদি (লেপটপ, প্রিন্টার, কম্পিউটার সিপিইউ, স্কেনার) এবং টিওএন্ডইতে অন্তর্ভুক্ত অফিস সরঞ্জামাদি কোটেশনের মাধ্যমে ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা ব্যয়ে ক্রয় ও সরবরাহ করার সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>উপজেলা পরিষদের পুরাতন অফিস সরঞ্জামাদি মেরামতের জন্য উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হলে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা (সরাসরি নগদ ক্রয়) ব্যয় করার সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় | চেয়ারম্যান উপজেলা পরিষদ, নান্দাইল/ উপজেলা নির্বাহী অফিসার, নান্দাইল। |
| অত্র উপজেলায় ১৩টি ইউনিয়নে মশা নিধন কার্যক্রম গ্রহনের জন্য জনপ্রতিনিধিগন প্রস্তাব করছেন। এবিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | মশা নিধন কার্যক্রমে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ১,৩০,০০০/- টাকা ব্যয়ের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ, নান্দাইল/ উপজেলা নির্বাহী অফিসার, নান্দাইল। |

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি ও চেয়ারম্যান উপজেলা পরিষদ, নান্দাইল, ময়মনসিংহ কর্তৃক উপস্থিত সম্মানিত সকল সদস্যগণকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(হাসান মাহমুদ জুয়েল)
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সাধারণ সভা
ও
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
নান্দাইল, ময়মনসিংহ।

স্মারকনং- ৪৬.৪৫.৬১৭২.০০০.০৬.০০১.২০-২২ তারিখ ঃ-২৭/০৪/২০২২ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো :-

১। মাননীয় সংসদ সদস্য, ১৫৪- ময়মনসিংহ- ৯, নান্দাইল।
২। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
৩। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
৪। সিনিয়র সহকারী সচিব, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা শাখা-১/উপজেলা শাখা-২ বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। মেয়র, নান্দাইল পৌরসভা, নান্দাইল, ময়মনসিংহ।
৬। জনাব মোঃ সারোয়ার হাসান, ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ, নান্দাইল, ময়মনসিংহ।
৭। জনাব মনোয়ারা জুয়েল, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নান্দাইল, ময়মনসিংহ।
৮। উপজেলা ---------------------------------------------------- অফিসার, নান্দাইল, ময়মনসিংহ।
৯। চেয়ারম্যান ---------------------------------ইউনিয়ন পরিষদ, নান্দাইল, ময়মনসিংহ।
১০। অফিস কপি।

(মোহাম্মদ আবুল মনসুর)
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
ও
উপজেলা নির্বাহী অফিসার
নান্দাইল, ময়মনসিংহ।